ইংরেজি ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়

**MA in English Language Teaching প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬, ২য় ব্যাচ)**

স্মারক নং-খুবি/ইং/১০৭/২০০৬ তারিখঃ ০৪/০৭/২০২৬ খ্রি.

খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ডিসিপ্লিনের **MA in English Language Teaching** প্রোগ্রামের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (২য় ব্যাচ) ভর্তি পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঘোষিত হলো (ফলাফল সংযুক্ত)। এই ফলাফলে কোনো ভুল পরিলক্ষিত হলে যেকোনো পর্যায়ে তা সংশোধন বা প্রয়োজনে সম্পূর্ণ বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ভর্তি-সংক্রান্ত সকল কার্যক্রম ইংরেজি ডিসিপ্লিনের অফিসে সম্পাদিত হবে। প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি হতে ব্যর্থ হলে তার নির্বাচন বাতিল হয়ে যাবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপাতত আনুমানিক ১৭,৫০০/- (সতেরো হাজার পাঁচশত) টাকা প্রয়োজন হতে পারে। জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশন ১৯ জুলাই থেকে ২৫ জুলাই, ২০২৬ খ্রি. ও জরিমানাসহ ২৬ জুলাই থেকে ০১ আগস্ট, ২০২৬ খ্রি. পর্যন্ত চলবে। **১৯ জুলাই, ২০২৬ খ্রি. হতে ক্লাশ শুরু হবে** । নির্ধারিত সময়ে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে ভর্তি বাতিল হবে। **উল্লেখ্য, ভর্তির দিন সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর মূলকপি, ০১ (এক) সেট ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি অবশ্যই সঙ্গে আনতে হবে।**

| ভর্তির সময়সূচী | | |
|---|---|---|
| **বিষয়** | **তারিখ** | **সময়** |
| সাধারণ আসন থেকে ভর্তি | ১৫/০৭/২০২৬ খ্রি. | সকাল ১০ঃ৩০টা থেকে বিকাল ৩ঃ০০ টা পর্যন্ত |
| কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীর ভর্তি | ১৫/০৭/২০২৬ খ্রি. | সকাল ১০ঃ৩০টা থেকে বিকাল ৩ঃ০০ টা পর্যন্ত |
| অপেক্ষমান তালিকা থেকে নিবন্ধন | ১৫/০৭/২০২৬ খ্রি. | বিকাল ০৩ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত |
| অপেক্ষমান তালিকা থেকে ভর্তি | ১৫/০৭/২০২৬ খ্রি. | বিকাল ৪ঃ০০টা থেকে বিকাল ৫ঃ০০ টা পর্যন্ত |

**উপর্যুক্ত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে ভর্তি কার্যক্রমে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।**

**(প্রফেসর ড. আব্দুর রহমান শাহীন)**
সভাপতি
MA in English Language Teaching ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬), ২য় ব্যাচ
ইংরেজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ**

০১। ডিন, কলা ও মানবিক স্কুল, খুবি।
০২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), খুবি।
০৩। প্রভোষ্ট, সকল হল, খুলনা বিশ্ববিদ্যালয় (ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সহযোগিতার অনুরোধসহ)।
০৪। ভর্তি কমিটির সকল সদস্য (ভর্তির তারিখসমূহে ডিসিপ্লিন অফিসকক্ষে সকাল ৯ঃ০০ টায় উপস্থিতির অনুরোধসহ)।
০৫। পরিচালক, আইসিটি সেল, খুবি (ভর্তি পরীক্ষার ফলাফল খুবি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, খুবি।
০৭। চীফ মেডিকেল অফিসার, খুলনা বিশ্ববিদ্যালয় (ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সহযোগিতার অনুরোধসহ)।
০৮। শাখা প্রধান, একাডেমিক শাখা - ০১ , খুবি (ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সহযোগিতার অনুরোধসহ)।
০৯। উপাচার্য মহোদয়ের সচিব (উপাচার্য মহোদয়কে অবগতির অনুরোধসহ), খুবি।
১০। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয়, শাখা।
১১। ইংরেজি ডিসিপ্লিনের ওয়েব সাইট।
১২। নোটিশ বোর্ড।
১৩। সংশ্লিষ্ট নথি।